



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মানিকগঞ্জ সদর



<http://food.sadar.manikganj.gov.bd/>

স্মারক নং: ১৩.০১.৫৬৪৬.০০০.৫৭.০০৩.২৫. ৩০২

তারিখ: ০৮/০৭/২০২৫ খ্রি:

**বিষয়: ইউনিয়ন পর্যায়ে খাদ্য বাছব কর্মসূচির নতুন উপকারভোগীদের তালিকা ১৭ কলামে মাইক্রোসফট এক্সেল ফাইলে নিকষ ফর্মে হালনাগাদ করে অত্র দপ্তরে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: খাদ্য মন্ত্রণালয় সরবরাহ-১ শাখার ২৯/০৬/২০২৫ খ্রি: তারিখের ১৮৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে খাদ্যবাছব কর্মসূচীর উপকারভোগীর সংখ্যা বহিতকরণের কার্যক্রম শুরু হয়েছে। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী মানিকগঞ্জ সদর উপজেলার ১০ টি ইউনিয়নে ২০০ জন উপকারভোগীর সংখ্যা অত্র উক্তির সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে। সে লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাপ্যতা অনুযায়ী প্রকৃত হতদরিদ্র প্রান্তিক জনগোষ্ঠী এবং আপনার ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের ভেতর থেকে নতুন আপলোডযোগ্য ভোক্তাকে (তালিকা সংযুক্ত) অত্র উক্ত করে ১৭ কলামে মাইক্রোসফট এক্সেল ফাইলে (নিকষ) ফর্মে তালিকা তৈরি করে ইউনিয়ন খাদ্যবাছব কমিটির সভায় অনুমোদন পূর্বক সভার কার্যপত্র সহ তালিকার হার্ডকপি এবং সফট কপি (এক্সেল ফাইলে) [ucfmanikganjsadar@gmail.com](mailto:ucfmanikganjsadar@gmail.com) এই ঠিকানায় আগামী ১৬.০৭.২০২৫ খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। নির্ধারিত সময়সীমার ভেতর তালিকা এবং ইউনিয়ন খাদ্যবাছব কমিটির তালিকা অনুমোদনের সভার কার্যপত্র প্রেরণ করা না হলে আপনার ইউনিয়নের বাসিন্দাদের চাল গ্রহণ প্রক্রিয়াতে জটিলতা তৈরি হবে। উপজেলা খাদ্যবাছব কমিটি কর্তৃক তালিকা চূড়ান্ত অনুমোদন হওয়ামাত্র ইউডিসি কর্তৃক ভোক্তা ভেরিফিকেশন প্রক্রিয়া শুরু হবে।

বি.দ্র: নিম্নোক্ত নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সংবলিত ছকে তথ্য প্রদান করতে হবে। আপনার ইউনিয়নের জন্য নির্ধারিত নতুন আপলোডযোগ্য গ্রাহকের সংখ্যা সংযুক্তি আকারে প্রদান করা হল। প্রতিটি তালিকার হার্ডকপিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের জনপ্রতিনিধি, ইউপি সচিব এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের তারিখ সংবলিত স্বাক্ষর প্রদান নিশ্চিত করতে হবে। অসম্পূর্ণ তথ্য প্রদান হেতু কার্ড বরাদ্দ এবং গ্রাহকের চাল বিতরণে ব্যর্থতায় দায় এড়ানোর সুযোগ নেই।

**ভোক্তাদের তথ্য চাহিদার ছক**

জেলা	উপজেলা	তথ্য হালনাগাদের তারিখ													
ক্রম নং	উপকার ভোগীর নাম (বাংলা)	পিতার নাম (বাংলা)	জন্ম তারিখ (ইংরেজি)	পেশার নাম (বাংলা)	গ্রামের নাম (বাংলা)	ওয়ার্ড নং (ইংরেজি)	ইউনিয়নের নাম (বাংলা)	জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজি)	মোবাইল নং (ইংরেজি)	স্বামীর নাম (বাংলা)	স্বামীর পরিচয় পত্রের নম্বর (ইংরেজি)	স্বামীর জন্ম তারিখ (ইংরেজি)	রেজি স্টার্ড ডালা রের নাম (বাংলা)	রেজি স্টার্ড ডালা রের নাম (ইংরেজি)	ডালা রের মোবাইল নাম (ইংরেজি)

মানিকগঞ্জ সদর উপজেলার ইউনিয়নসমূহের মোট জনসংখ্যার বিন্যাস অনুযায়ী শতকরা হিসাবে ১০টি ইউনিয়নের বরাদ্দকৃত নতুন উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

ইউনিয়ন	মোট জনসংখ্যা	শতকরা হিসাব অনুযায়ী নতুন উপকারভোগীর প্রাপ্যতা সংখ্যা	ইউনিয়ন ওয়ারী মোট উপকারভোগীর সংখ্যা
আটিগ্রাম	২২,৭২৮	১৭	৯৪৫
বেতিলা-মিতরা	২৮,৯৬৬	২২	১০১২
ভাড়ারিয়া	২২,১০৪	১৭	৯২১
দিঘী	২২,৫৮১	১৭	৮৬৬
গড়পাড়া	২৬,৮৩৫	২০	৯৬০
হাটিপাড়া	২৮,৯৫০	২২	৯৮২
জাগীর	৩৭,৭৯০	২৮	১৩২৫
কৃষ্ণপুর	৩১,৯৭৯	২৪	১২৪৯
নবগ্রাম	২১,১১৪	১৬	৮৯৮
পুটাইল	২৩,২৮৬	১৭	৯০৫
মোট		২০০ জন	১০,০৬৩ জন

অতীব জরুরী

সে প্রেক্ষিতে আপনার ইউনিয়নের জন্য বরাদ্দকৃত নতুন উপকারভোগী গ্রাহকদের তালিকা এবং খাদ্যবান্ধব কর্মসূচির সূত্র ভোক্তাগণের (যদি থাকে) এনআইডি কার্ডের অনুলিপি, অনলাইন মৃত্যু নিবন্ধন সনদ ও মৃতদের পরিবর্তে নতুন আপলোডযোগ্য তালিকার সফটকপি (ইউনিকোড নিকস ফন্ট ব্যবহার করে মাইক্রোসফট এক্সেল) ও হার্ড কপি ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটির সভার কার্যপত্র আপাদী ১৬/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৮/০৭/২০২৫  
মোঃ আইয়ুব রায়হান  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

প্রশাসক / চেয়ারম্যান, ..... ইউপি (সকল)  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।  
ইউপি প্রশাসনিক কর্মকর্তা, ..... ইউপি (সকল)  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

ও  
সদস্যসচিব,  
উপজেলা খাদ্যবান্ধব কমিটি  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ  
মোবাইলঃ ০১৭২২-৯১২২১০

E-mail: ucfmanikganjsadar@gmail.com

স্মারক নং: ১৩.০১.৫৬৪৬.০০০.৫৭.০০৩.২৫  
অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)  
১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।  
২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।  
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ।  
৪। উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর।  
৫। সহকারী কমিশনার (ভূমি), মানিকগঞ্জ সদর।  
৬। খাদ্যবান্ধব ডিলার, মানিকগঞ্জ সদর (সকল ইউনিয়ন)।  
৭। অফিস কপি।

তারিখ: ০৮/০৭/২০২৫ খ্রি:

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ